দৈনিক
জনকণ্ঠ

তারিখ 30 APR 2017
পৃষ্ঠা ৩ কলাম ৪

মতিঝিল আইডিয়াল স্কুল

# উৎসবমুখর পরিবেশে ৬ বছর পর গবর্নিং বডির নির্বাচন অনুষ্ঠিত

**স্টাফ রিপোর্টার ॥** ভিকারুননিসা নূন স্কুল ও কলেজের পর উৎসমুখর পরিবেশে অনুষ্ঠিত হলো রাজধানীর আরেক নামী প্রতিষ্ঠান মতিঝিল আইডিয়াল স্কুল এ্যান্ড কলেজের গবর্নিং বডির নির্বাচন। প্রায় ছয় বছর পর শনিবার অনুষ্ঠিত এ নির্বাচনে ১০ অভিভাবক ও শিক্ষক প্রতিনিধি নির্বাচিত হয়েছেন। সকাল ১০ টায় ভোট গ্রহণ শুরু হয়ে বিকাল ৪টায় শেষ হয়। নির্বাচনে প্রিজাইডিং কর্মকর্তার দায়িত্বপালন করেন ঢাকা জেলা প্রশাসনের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন।

প্রাথমিক স্তরের অভিভাবক প্রতিনিধি পদে একক প্রার্থী ছিলেন জাহিদুল ইসলাম টিপু। এছাড়া দাতা সদস্য হিসেবে ঢাকা মহানগর (দক্ষিণ) আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও ওয়ার্ড কমিশনার গোলাম আশরাফ তালুকদার ছিলেন একক প্রার্থী। তারা দুজনই বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। মাধ্যমিক স্তরের ছয়জন প্রতিদ্বন্দ্বিতা করেছেন। সোহেল আহমদ সিদ্দিকী, ইঞ্জিনিয়ার আব্দুর রব মিয়া, মোহাম্মদ আলী, মোঃ সজল মিয়া, মোঃ আছমত আলী, মোঃ সাইফুল্লাহ। কলেজে আহসান উল্লাহ মানিক ও ইউসুফ আলী এবং ১ম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত সংরক্ষিত নারী অভিভাবকপদে লড়েছেন নার্গিস আক্তার। ভোটার ছিল প্রায় ২৪ হাজার।

নির্বাচিতরা হলেন দাতা সদস্য- গোলাম আশরাফ তালুকদার, সাধারণ অভিভাবক সদস্য (উচ্চ মাধ্যমিক স্তর) মোঃ আবু ইউসুফ ভূইয়া, সাধারণ অভিভাবক সদস্য (উচ্চ মাধ্যমিক স্তর) মোহাম্মদ আহসান উল্লাহ, সাধারণ অভিভাবক সদস্য (মাধ্যমিক) সোহেল আহমদ সিদ্দিকী, সাধারণ অভিভাবক সদস্য (মাধ্যমিক) আবদুর রব মিয়া, সাধারণ অভিভাবক সদস্য (প্রাথমিক) জাহিদুল ইসলাম টিপু, সংরক্ষিত মহিলা অভিভাবক সদস্য নার্গিস হোসেন, সাধারণ শিক্ষক সদস্য (কলেজ), মুনরজাদী কাফিয়া আলম, সাধারণ শিক্ষক সদস্য (স্কুল) মোঃ আবদুল কাদির এবং সংরক্ষিত মহিলা শিক্ষক সদস্য জুবাইদা রহমান। জানা গেছে, বিধান অনুসারে গবর্নিং বডির প্রথম সভায় একজন বিদ্যুতসাহী সদস্য নির্বাচন কর করা হবে।

অধ্যক্ষ ড. শাহান আরা বলেন, নির্বাচন পরিচালনার জন্য একটি কমিটি কাজ করেছে। তারাই নির্বাচনের তফসিল ঘোষণা করেছে। নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর